৪২৫

দৈনিক সংবাদ

তারিখ 11 SEP 1986
পৃষ্ঠা ৭ 7

026

# শিক্ষকের অভাবে রাঙ্গামাটিতে প্রাথমিক শিক্ষা ব্যাহত

11 SEP 1986

রাঙ্গামাটি, ১০ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- রাঙ্গামাটি পার্বত্য জেলায় শিক্ষকের অভাবে প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ৩৬৮টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৪২ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে খালি পড়ে আছে এর মধ্যে প্রধান শিক্ষকের পদে ৭৭টি এবং সহকারী শিক্ষকের পদে ৬৫টি জানা গেছে যে, শিক্ষকের অভাবে ইতিমধ্যে বেশ কয়েকটি বিদ্যালয় সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে।

উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষকের পদ খালির ব্যাপারে বরকল উপজেলাই সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত। এই উপজেলায় ৬৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩২টি প্রধান শিক্ষক ও ২৩টি সহকারীর পদ খালি পড়ে আছে। তাছাড়া লংগদু উপজেলার ৮টি প্রধান শিক্ষক ও ৫টি সহকারী শিক্ষকের পদ, গুড়াছড়ি উপজেলায় ৬টি প্রধান শিক্ষকের পদ ও ৭টি সহকারী শিক্ষকের পদ, বাঘাইছড়ি উপজেলার ১০টি প্রধান শিক্ষক ও ৩টি সহকারী শিক্ষকের পদ, নানিয়ারচর উপজেলায় ৫টি প্রধান শিক্ষক ও ৬টি সহকারী শিক্ষকের পদ, বিলাইছড়ি উপজেলার ৩টি প্রধান শিক্ষকের পদ ও ৮টি সহকারী শিক্ষকের পদ, রাজস্থলী উপজেলায় ২টি প্রধান শিক্ষকের পদ ও ৫টি সহকারী শিক্ষকের পদ, কাউখালী উপজেলায় ৩টি প্রধান শিক্ষকের পদ ও, কাপ্তাই উপজেলায় ১টি প্রধান শিক্ষকের পদ ও ৫টি সহকারী শিক্ষকের পদ এবং রাঙ্গামাটি সদর উপজেলায় ৭টি প্রধান শিক্ষকের পদ খালি রয়েছে।

জানাগেছে যে, উপরোক্ত খালি পদসমূহে নতুন শিক্ষক নিয়োগের জন্য প্রায় বছর খানেক পূর্বে একটি প্যানেল তৈরী হয় এবং এতে ৮ জন প্রধান শিক্ষক ও ২৩জন সহকারী শিক্ষককে ইন্টারভিউ'র মাধ্যমে নির্বাচিত করে তাদের নিয়োগ প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে লেখা হয়। এ ঘটনার মাস দু'য়েক পূর্বে উক্ত ৩১জন শিক্ষক নিয়োগপত্র প্রদানেরও ব্যবস্থা নেয়া হয়েছিল। কিন্তু সরকার কর্তৃক ঘোষিত 'নতুন চাকরিতে নিয়োগ প্রদান "বন্ধ" ঘোষণার প্রেক্ষিতে সে ব্যবস্থা স্থগিত হয়ে যায়। এবছর প্রাথমিক শিক্ষক নিয়োগ প্যানেল অনুষ্ঠিত হয় এবং পূর্বে নির্বাচিত প্রার্থীরা এবারের প্যানেলের ইন্টার ভিউতে এ মর্মে অংশগ্রহণ করেননি যে, ইতিপূর্বেকার প্যানেলে তাঁরা নির্বাচিত হয়ে আছেন। জেলা প্রশাসনের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে যে, নতুন প্যানেলের অধীনে যারা পরীক্ষা দিয়েছেন তাদের মধ্য থেকে পূর্বের নির্বাচিত ৩১টি পদ ছাড়া বাকী পদের জন্য নির্বাচনের চূড়ান্ত ব্যবস্থা নেয়া হচ্ছে। এক বছর পূর্বেকার প্যানেলে নির্বাচিত কয়েকজন প্রার্থীর মতে নিয়োগ প্রদানের এই দীর্ঘ সূত্রিতার কারণে তাঁদের অনেকেরই ভবিষ্যৎ অন্ধকারে নিমজ্জিত হচ্ছে।